

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার সেপ্টেম্বর ১০, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-ও শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১০ই সেপ্টেম্বর, ২০০১খ্রি/১৬শে তাত্ত্ব. ১৪০৮ বঙ্গাব্দ

এস. আর. ও নং ২৫৭-আইন/২০০১ — যেহেতু সরকার অন্ত মন্ত্রণালয়ের ২৬শে বৈশাখ, ১৪০৮ বাংলা মোতাবেক ৯ই মে, ২০০১ইং তারিখের প্রজ্ঞাপন নং এস. আর. ও-১১৯-আইন/২০০১ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকা ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা মিউনিসিপালিটিকে করিয়া উহার সীমানা সম্প্রসারণের উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978 অন্তঃপর উক্ত Rules বলিয়া উন্নিখ্যিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ সম্প্রসারণের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্ম ব্রাহ্মণবাড়িয়া তেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় বাবস্থা গাইল করিয়া উক্ত এলাকা সম্প্রসারণের পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাক্ত উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্তরূপ সম্প্রসারণের চূড়ান্ত সিদ্ধান্ত গাইল করিয়াছে;

সেহেতু Paurashava Ordinance, 1977 (XXVI of 1977) এর section 4 (b) তে পদ্ধত কমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা ২৯ তাত্ত্ব. ১৪০৮ বাংলা, ১৩ সেপ্টেম্বর, ২০০১ ইংরেজী তারিখ হইতে নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে কসবা মিউনিসিপালিটির (পৌর এলাকা) অন্তর্ভুক্ত করিয়া উহার সীমানা সম্প্রসারণ করিল:

(৪৬৬৯)

মূল্য় ১ টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে. এল. নং	দাগ নথৰ
১	কসবা	বিংশাহপুর	১৩২	১- $\frac{1268}{2615}$ পর্যন্ত
২	ঐ	তালাতলা	১৩০	১- $\frac{933}{985}$ পর্যন্ত
৩	ঐ	বিশারাবাড়ী	১৩৪/৩	১- $\frac{322}{358}$ পর্যন্ত

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।